

■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৩০

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাদীসের যেই শব্দ অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, সাফা ও মারওয়া পাহাড়ের মাঝে সাঁজ করা হয়তো ফরয নয়

ذِكْرُ لَفْظَةٍ قَدْ تُوَهِّمُ عَالَمًا مِنَ النَّاسِ أَنَّ السَّعْيَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ لَيْسَ بِفَرْضٍ

আরবী

3830 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دَاؤِدَ عَنْ فِطْرِ بْنِ خَلِيفَةَ عَنْ عَامِرِ بْنِ وَاثِلَةَ قَالَ: قُلْتُ لِابْنِ عَبَّاسٍ: إِنَّ قَوْمَكَ يَزْعُمُونَ أَنَّ رَسُولَ اللَّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَمَلَ وَأَنَّهُ سُنَّةً فَقَالَ: كَذَبُوا وَصَدَقُوا إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا دَخَلَ مَكَّةَ - وَالْمُشْرِكُونَ عَلَى قَعْدِيْقِعَانَ - فَتَحَدَّثُوا أَنَّ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابَهُ هَذَلَى فَرَمَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَمْرَ أَصْحَابِهِ فَرَمَلُوا وَلَيْسَتْ بِسُنَّةٍ

الراوي : أبو الطفيلي | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3830 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(1647): م ، ويأتي بنحوه (3830).

বাংলা

৩৮৩০. আবুত তুফাইল থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি ইবনু আবাস রাদিয়াল্লাহু আনহুর কাছে গমন করে বলি, “হে ইবনু আবাস রাদিয়াল্লাহু আনহু, নিশ্চয়ই আপনার কওমের লোকেরা বলছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমল করেছেন এবং এটা সুন্নাত।” তখন তিনি বলেন, “তারা কিছু সত্য ও কিছু অসত্য কথা বলেছেন। আলাইহি ওয়াসাল্লাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মকায় আগমন করেন আর মুশরিকরা কুয়াইকিআন নামক স্থানে ছিলো। তারা বলাবলি করছিলো, নিশ্চয়ই মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এবং তাঁর সাহাবীগণ দুর্বল হয়ে পড়েছেন।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে রমল করার (বীরদর্পে জোর কদমে হাঁটার) নির্দেশ দেন। অতঃপর তারা রমল করেন। আর এটা সুন্নাত নয়।” [1]

ফুটনেট

[1] লমাইদী: ৫১; মুসনাদ আহমাদ: ১/২২৯; তাহাবী: ২/১৮০; তাবারানী আল কাবীর: ১৬০২৫; সহীহ মুসলিম: ১৪৬৪; আবু দাউদ: ১৮৮৫; ইবনু মাজাহ: ২৯৫৩; তাহাবী: ২/১৭৯; সহীল বুখারী: ১৬০২; নাসাঈ: ৫/২৪২; তিরমিয়ী: ৮৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৪৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরাফ্টিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: আবুত্ত তুফায়ল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93169>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন